

রোগী ও মেডিক্যাল শিক্ষার্থীদের সুবিধার্থে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চালু হলো দেশের প্রথম আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ কেন্দ্র 'ইউনিভার্সিটি সেন্টার ফর এন্ডো-ল্যাপারোস্কপিক সার্জারি'



রোগী ও মেডিক্যাল শিক্ষার্থীদের সুবিধার্থে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সার্জারি বিভাগের অধীনে চালু হলো দেশের প্রথম আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ কেন্দ্র 'ইউনিভার্সিটি সেন্টার ফর এন্ডোসকপিক-ল্যাপারোস্কপিক সার্জারি (ইউসিইএলএস) (University Center For Endo-Laparoscopic Surgery-UCELS)'। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ (HEQEP) প্রজেক্টের সহায়তায় এ উপলক্ষে আজ ১৮ মে ২০১৭, বৃহস্পতিবার, সকাল ৯টা ৩০ মিনিটে অত্র বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে এক উদ্বোধনী অনুষ্ঠান ও 'ট্রেনিং ইস্যুজ অন এন্ডো-ল্যাপারোস্কপিক সার্জারি-বাংলাদেশ পারসপেকটিভ' শীর্ষক বৈজ্ঞানিক সেমিনারের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ প্রজেক্টের প্রকল্প পরিচালক ড. গৌরাজ চন্দ্র মোহন্ত (Mohanta) এনডিসি। সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিন্ডিকেট মেম্বর অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমেদ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সার্জারি বিভাগের অধ্যাপক ও ইউনিভার্সিটি সেন্টার ফর এন্ডোসকপিক-ল্যাপারোস্কপিক সার্জারি-এর পরিচালক ডা. এএইচএম তৌহিদুল আলম। স্বাগত বক্তব্য রাখেন সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ও ইউসিইএলএস-এর উপ-পরিচালক ডা. মোঃ আবুল কালাম চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান বলেন, গত ৪০ বছরে বাংলাদেশ অনেক দূর এগিয়েছে। বাংলাদেশের জাতীয় বাজেট ৭৮৪ কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে প্রায় ৪ লাখ কোটি টাকায় উন্নীত হয়েছে। কৃষি, শিক্ষা ও স্বাস্থ্যখাতে উন্নয়নের বিপ্লব ঘটেছে। চিকিৎসা শিক্ষা, চিকিৎসাসেবায় ও গবেষণায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় গুরুত্বপূর্ণ অবদান রাখছে। 'ইউনিভার্সিটি সেন্টার ফর এন্ডোসকপিক-ল্যাপারোস্কপিক সার্জারি (ইউসিইএলএস)-এর মাধ্যমে মেডিক্যাল শিক্ষার্থী, চিকিৎসকরা প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন এবং রোগীরাও উপকৃত হবেন।

বিশেষ অতিথির বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ কেন্দ্র 'ইউনিভার্সিটি সেন্টার ফর এন্ডোসকপিক-ল্যাপারোস্কপিক সার্জারি (ইউসিইএলএস) স্থাপনে সহায়তা করায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান-এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে ও গবেষণা কার্যক্রম আরো জোরদার করতে সর্বাঙ্গিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

উদ্বোধনী অনুষ্ঠান ও সেমিনারে সার্জারি বিভাগের অধ্যাপক ও ইউনিভার্সিটি সেন্টার ফর এন্ডোসকপিক-ল্যাপারোস্কপিক সার্জারি-এর পরিচালক ডা. এএইচএম তৌহিদুল আলম জানান, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়সহ দেশে প্রথমবারের মতো এ ধরনের ইউনিভার্সিটি সেন্টার ফর এন্ডো-ল্যাপারোস্কপিক সার্জারি চালু করা হলো। এই সেন্টারে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ দেশের সংশ্লিষ্ট চিকিৎসকগণ উক্ত বিষয়ে আন্তর্জাতিক মানের প্রয়োজনীয় প্রশিক্ষণ নিতে পারবেন। রোগীরা পাবেন এন্ডো-ল্যাপারোস্কপিক সার্জারি সুবিধা। এন্ডোসকপিক আন্ট্রাসাউন্ডের মাধ্যমে জটিল রোগ নির্ণয় করা যাবে এবং এর মাধ্যমে রোগীর অস্ত্রোপচার করা যাবে কিনা তাও নির্ধারণ করা যাবে। অন্যদিকে ল্যাপারোস্কপিক সার্জারিতে রোগীর ভোগান্তি কম হয়। তুলনামূলকভাবে কম সময়ে হাসপাতালে থাকতে হয় বিধায় রোগীর চিকিৎসার জন্য সামগ্রিক ব্যয়ও কম হয়। সবচেয়ে বড় কথা ল্যাপারোস্কপিক সার্জারিতে রোগী শারীরিকভাবে উপকৃত হয়। এতে অস্ত্রোপচারের পর রোগী কম ব্যথা অনুভব করে এবং দাগ থাকে না বলেই চলে। এই সেন্টারে পিত্তথলীতে পাথর, অগ্নাশয়ের টিউমার ও ক্যান্সার নির্ণয়, পাকস্থলি, খাদ্যনালী, ক্ষুদ্রান্ত্র, বৃহদান্ত্রের রোগ নির্ণয় ও চিকিৎসা করা সম্ভব হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ভর্তিকৃত রোগীরা এ সেবাটি পাবেন সাশ্রয়ী মূল্যে, ক্ষেত্র বিশেষে সম্পূর্ণ বিনামূল্যে।

সেমিনারের পর ফিতা কেটে সি ব্লকের সার্জারি বিভাগে 'ইউনিভার্সিটি সেন্টার ফর এন্ডোসকপিক-ল্যাপারোস্কপিক সার্জারি (ইউসিইএলএস)-এর শুভ উদ্বোধন করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান।